

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৫.২৮.০০১.১৩.৪৫৮

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, যশোরের সাবেক জেলা লিগ্যাল এইড অফিসার (বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত ও সাময়িক বরখাস্তকৃত)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০৩/২০১৭ রুজু করা হয়; এবং

যেহেতু জনাব মোঃ ওয়াহিদুজ্জামান-কে প্রদত্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, বিভাগীয় মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩ (বি) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়।

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, যশোরের সাবেক জেলা লিগ্যাল এইড অফিসার (বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত ও সাময়িক বরখাস্তকৃত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' (censure) দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০৭/০৭/২০২২

(মোঃ গোলাম সারওয়ার)
সচিব

নম্বর: ১০.০০.০০০০.১২৫.২৮.০০১.১৩.৪৫৮/১(১১)


তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
- ৩। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।।
- ৪। জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।

- ৮। চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। গার্ড ফাইল।
- ১১। অফিস কপি।


০৭/০৭/২০২২
(শেখ গোলাম মাহবুব)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৯৫৪০৮৮৬